

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১০১৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ শারীরিক অসুস্থতা থেকে আল্লাহর কাছে আশ্রয় চাওয়া মুস্তাহাব

ذَكَرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَتَعَوَّذَ بِاللَّهِ جَلًّا وَعَلَا مِنْ حُدُوثِ الْعَاهَاتِ بِهِ

আরবী

1013 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا حَمَادُ بْنُ سَلَمَةَ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ: (اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْبَرَصِ وَالْجُنُونِ وَالْجَذَامِ وَسَيِّئِ الْأَسْقَامِ)
 الراوي: أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:
 التعليقات الحسان على صحيح ابن حبان
 الصفحة أو الرقم: 1013 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০১৩. আনাস বিন মালিক রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলতেন, (اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْبَرَصِ وَالْجُنُونِ وَالْجَذَامِ وَسَيِّئِ الْأَسْقَامِ) (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে আশ্রয় চাই ধবল রোগ, উন্মত্ত হওয়া, কুষ্ঠ ব্যধি ও খারাপ রোগ থেকে।)[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১৫৫৪; মুসনাফ ইবনু আবী শায়বাহ: ১০/১৮৮; মুসনাদ আহমাদ: ৩/১৯২; আত তায়ালিসী: ২০০৭; নাসাঈ: ৮/২৭০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩৯০।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90326>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন